জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

**[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স, ভবন-২ (লেভেল-৪,৫,৬)
(হোটেল ইন্টারকন্টিনেন্টাল ঢাকা-এর পার্শ্বে)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।
www.bfsa.gov.bd

নম্বর: ১৩.০২.০০০০.৫০৭.১৪.০০৪.২১-৩০৮

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৮
১৩ জুন ২০২১

**বিষয়: বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নলেজ শেয়ারিং/প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণকারী কর্মকর্তা মনোনয়ন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে কোভিড ১৯ এর স্বাস্থ্যবিধি অনুসরণ করে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২০-২১ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনার নলেজ শেয়ারিং/প্রশিক্ষণ কর্মশালা ১৭ জুন ২০২১ খ্রি. বৃহস্পতিবার সকাল ০৯.০০ টায় প্রাণ ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ঘোড়াশাল, পলাশ, নরসিংদীতে অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণের জন্য নিম্নোক্ত বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ১৭ জন, খাদ্য মন্ত্রণালয়ের ০২ জন, খাদ্য অধিদপ্তর এর ০১ জন এবং এফপিএমইউ ০১ জনসহ সর্বমোট ২১ কর্মকর্তাকে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো।

**(ক) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

| ক্র | কর্মকর্তার নাম | পদবী | মোবাইল নম্বর | ই-মেইল |
|---|---|---|---|---|
| ১. | জনাব শাহনেওয়াজ দিলরুবা খান | সদস্য (আইন ও নীতি) | ০১৭১১৯৩১৯৯৩ | dilruba1993@gmail.com |
| ২. | প্রফেসর ড. মো: আব্দুল আলীম | সদস্য (খাদ্য শিল্প ও উৎপাদন) | ০১৭৩২২৫২২২৯ | maalim07@yahoo.com |
| ৩. | জনাব মো: কাওছারুল ইসলাম সিকদার | অতিরিক্ত পরিচালক | ০১৭৯০১৭৭৯৪৫ | kawserul1173@gmail.com |
| ৪. | জনাব অমিতাভ মন্ডল | অতিরিক্ত পরিচালক (উপসচিব) | ০১৭১৬২৮০৯০৩ | amitdae71@gmail.com |
| ৫. | জনাব মাহবুব মোরশেদ সোহেল | অতিরিক্ত পরিচালক (উপসচিব) | ০১৭২৬৩৩৩২২৩ | mahbubpwd@gmail.com |
| ৬. | জনাব ইসফাক ওয়াহেদ বিন রহিম | মনিটরিং অফিসার | ০১৬৭১৮১৮৬০০ | isfaq.bfsa@gmail.com |
| ৭. | জনাব এস. এম. নুরুজ্জামান | পরিসংখ্যান কর্মকর্তা | ০১৭৫৮০১৩৮৬৩ | shuvoiu112017@gmail.com |
| ৮. | জনাব মোহাম্মদ ইমরান হোসেন মোল্লা | মনিটরিং অফিসার | ০১৬৩৩৯৩৭৭০৫ | imranimtihantm@gmail.com |
| ৯. | জনাব দিপু পোদ্দার | সহকারী পরিচালক | ০১৬৮২৭৬৭২৯৮ | dipu1120@gmail.com |
| ১০. | জনাব আবুল হাসনাত | জনসংযোগ কর্মকর্তা | ০১৮২০২৭১৭৯২ | hasnathero1993@gmail.com |
| ১১. | জনাব তাহমিনা খাতুন | নিরাপদ খাদ্য অফিসার | ০১৫২১২২০৩৯৪ | tahminatithi100@gmail.com |
| ১২. | জনাব মো: শওকত হোসেন | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১৮২৯৬৪৭২২৩ | showkat.cvasu@gmail.com |
| ১৩. | জনাব আহমেদ সালমান সিরাজী | বৈজ্ঞানিক কর্মকর্তা | ০১৭৫৮২৩৯৮৫৮ | asirajeee@gmail.com |
| ১৪. | জনাব জান্নাতি ময়না | সহকারী পরিচালক | ০১৫২১১০৪৪৯৮ | jannatymayna@gmail.com |

| ক্র | কর্মকর্তার নাম | পদবী | মোবাইল নম্বর | ই-মেইল |
|---|---|---|---|---|
| ১৫. | জনাব মো: আব্দুল হান্নান | মনিটরিং অফিসার | ০১৭২৩৫০৪০৬৫ | hannan.hstu@gmail.com |
| ১৬. | জনাব তানজিনা আফরিন | নিরাপদ খাদ্য অফিসার, গাজীপুর | ০১৮৪৫৬৯১২১১ | tanjinatanima.cox@gmail.com |
| ১৭. | জনাব মারুফা হক | নিরাপদ খাদ্য অফিসার, নরসিংদী | ০১৭২৭৬৫৪৭৭৫ | maroofa.haque@yahoo.com |

**(খ) খাদ্য মন্ত্রণালয়:**

| ক্র | কর্মকর্তার নাম | পদবী | মোবাইল নম্বর | ই-মেইল |
|---|---|---|---|---|
| ১৮ | জনাব মোঃ কামরুজ্জামান | উপসচিব | ০১৭১১১৫১৮৪৩ | deputysecretarylaw@mofood.gov.bd |
| ১৯ | জনাব মোহাম্মদ শামসুজ্জামান | উপসচিব | ০১৭২১২৪১৯০৫ | mohammedshamsuzzaman@gmail.com |

**(গ) খাদ্য অধিদপ্তর:**

| ক্র | কর্মকর্তার নাম | পদবী | মোবাইল নম্বর | ই-মেইল |
|---|---|---|---|---|
| ২০ | জনাব মোহাম্মদ আমিনুল এহসান | প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং | ০১৭২১৯৯৩৮৩২ | ccdr@dgfood.gov.bd |

**(ঘ) এফপিএমইউ:**

| ক্র | কর্মকর্তার নাম | পদবী | মোবাইল নম্বর | ই-মেইল |
|---|---|---|---|---|
| ২১ | জনাব মো: ইসমাইল মিয়া | সহযোগী গবেষণা পরিচালক | ০১৭১১২৬২৭৫৬ | ismailasmia@yahoo.com |

এমতাবস্থায় কর্মশালায় অংশগ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আব্দুন নাসের খান
সচিব
ও
চিফ ইনোভেশন অফিসার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
ফোন: ৫৫১৩৮৬০০
ই-মেইল: ad2latc@gmail.com

নম্বর: ১৩.০২.০০০০.৫০৭.১৪.০০৪.২১-৩০৮(৫/৫)

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৮ / ১৩ জুন ২০২১

**সদয় অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. ড. অনিমা রাণী নাথ, অতিরিক্ত সচিব, নিরাপদ খাদ্য শাখা, খাদ্য মন্ত্রণালয়।

২. পিএস টু চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ **(চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)**।
৩. নথি।

আবদুর রহমান-৮০৫২
পরিচালক (উপসচিব)
ভোক্তা, ঝুঁকি ও নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
ফোন: ৫৫১৩৮৬০৬
ই-মেইল: director.risk@bfsa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স, ভবন-২ (লেভেল-৪,৫,৬)
(হোটেল ইন্টারকন্টিনেন্টাল ঢাকা-এর পার্শ্বে)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।
www.bfsa.gov.bd

নম্বর: ১৩.০২.০০০০.৫০৭.১৪.০০৪.২১-৩৯

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৮ / ১৩ জুন ২০২১

**বিষয়: বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নলেজ শেয়ারিং/প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের সফরসূচি।**

নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী ১৭ জুন ২০২১ তারিখ সকাল ৮.০০ থেকে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের প্রধান কার্যালয় হতে প্রাণ ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ঘোড়াশাল, পলাশ, নরসিংদী এর উদ্দেশ্যে যাত্রা শুরু হবে।

## Food ministry and BFSA officials visit to PRAN Industrial Park

| SL | Time | Subject |
|---|---|---|
| 1 | 8.00 am | Journey starts from BFSA for PRAN Industrial Park |
| 2 | 10.00 am | Arrival at PRAN Industrial Park |
| 3 | 10.01-10.30 am | Breakfast |
| 4 | 10.31-11.30 am | Presentation on PRAN |
| | | Present scenario of food sector in Bangladesh |
| | | Question and Answer session |
| 5 | 11.31 am -1.30 pm | Plant and Lab visit |
| 6 | 1.31-2.30 pm | Prayer and lunch |
| 7 | 2.31- 3.00 pm | Product display |
| 8 | 3.01 pm | Depart for Dhaka |

১৩/৬/২০২১

আবদুর রহমান (৮০৫২)
উপসচিব
খাদ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স, ভবন-২ (লেভেল-৪,৫,৬)
১১৯, কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০
www.bfsa.gov.bd

তারিখ: ২০/০৬/২০২১

# নলেজ শেয়ারিং কর্মশালার প্রতিবেদন

কোভিড-১৯ স্বাস্থ্যবিধি অনুসরণ করে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২০-২০২১ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত দিনব্যাপী নলেজ শেয়ারিং কর্মশালা ১৭ জুন ২০২১ তারিখ বৃহস্পতিবার প্রাণ ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ঘোড়াশাল, পলাশ, নরসিংদীতে অনুষ্ঠিত হয়। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সদস্য প্রফেসর ড. আব্দুল আলীম এর নেতৃত্বে উক্ত কর্মশালায় খাদ্য মন্ত্রণালয়ের ০২ জন, খাদ্য অধিদপ্তরের ০১ জন, এফপিএমইউ এর ০১ জন এবং বিএফএসএর ১৬ জন সহ মোট ২০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। প্রাণ গ্রুপের পক্ষে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ ইলিয়াস মৃধা সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

কর্মশালায় প্রাণ গ্রুপের মার্কেটিং শাখার পরিচালক জনাব চৌধুরী কামরুজ্জামান উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে প্রাণ গ্রুপের যাত্রা থেকে শুরু করে বর্তমান চলমান কার্যক্রম সম্পর্কে সংক্ষিপ্ত উপস্থাপন করেন। এতে জানা যায়, তারা ১৯৮১ সালে যাত্রা শুরু করে বর্তমানে দেশের ১৩টি স্থানের ২৩টি ফ্যাক্টরিতে উৎপাদন কার্যক্রম চালিয়ে প্রায় তিন হাজার খাদ্যপণ্য উৎপাদন করছে। এতে প্রায় এক লক্ষ দশ হাজার লোকের সরাসরি কর্মসংস্থানের সুযোগ হয়েছে এবং বিশ্বের ১৪৫টি দেশে খাদ্য পণ্য রপ্তানি করছে। যার স্বীকৃতিস্বরূপ পর পর ১৬ বার সর্বোচ্চ রপ্তানিকারকের সম্মান অর্জন করেছে। এছাড়াও কর্পোরেট সোশ্যাল রেসপনসিবিলিটি এর আওতায় পরিবেশ, শিক্ষা, স্বাস্থ্যসেবা এবং সামাজিক উন্নয়নে কার্যক্রম পরিচালনা করছে। দেশের সামগ্রিক জনগোষ্ঠীর দরিদ্রতা নিরসন করে জীবনমান উন্নয়নে প্রাণ গ্রুপের উল্লেখযোগ্য অংশগ্রহণ আছে বলে উল্লেখ করা হয়।

**প্রোডাকশন লাইন পরিদর্শনঃ** প্রাণ গ্রুপ সম্পর্কিত সংক্ষিপ্ত উপস্থাপন শেষে আমাদের ২০ সদস্যের টিমকে তিনটি গ্রুপে বিভক্ত করে প্রাণ ইন্ডাস্ট্রিয়াল পার্কের বিভিন্ন প্রোডাকশন লাইন পরিদর্শনে নিয়ে যাওয়া হয়।

**প্রথম গ্রুপ** খাদ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ খুরশীদ ইকবাল রেজভী এর নেতৃত্বে ইউএইচটি দুধ, বেভারেজ, বিস্কুট উৎপাদন লাইন এবং কোয়ালিটি কন্ট্রোল ল্যাব পরিদর্শন করেন।

**দ্বিতীয় গ্রুপ** বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সদস্য প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম এর নেতৃত্বে মিল্ক ব্রেড, ওয়েফার, কেক, ক্যান্ডি, বেভারেজ উৎপাদন লাইন এবং কোয়ালিটি কন্ট্রোল ল্যাব পরিদর্শন করেন।

**তৃতীয় গ্রুপ** বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অতিরিক্ত পরিচালক জনাব মোঃ কাওছারুল ইসলাম সিকদার এর নেতৃত্বে দই, ম্যাঙ্গোবার, ম্যাঙ্গোজুস উৎপাদন লাইন এবং কোয়ালিটি কন্ট্রোল ল্যাব পরিদর্শন করেন।

পরিদর্শনকালে নিম্নোক্ত বিষয় পরিলক্ষিত হয়-

১. উৎপাদন লাইনে কর্মরত সকল কর্মীদের জন্য এপ্রোন, হেড কভার, গ্লাভস ও জুতা পরিধান করা অবস্থায় দেখা যায়।

২. অটোমেশনের মাধ্যমে খাদ্য উৎপাদন করা হয়, যাতে উৎপাদনের ক্ষেত্রে হাতের স্পর্শ কম পরিলক্ষিত হয়।

৩. উৎপাদন ফ্লোর সবসময় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং লগবহিতে রেজিস্টার করতে দেখা যায়।

৪. খাদ্যপণ্যের মান নিশ্চিত করতে নিজস্ব কোয়ালিটি কন্ট্রোল ল্যাব স্থাপন করা হয়েছে এবং পরীক্ষাগারে HACCP, GMP, BRC গাইডলাইন অনুসরণ করা হচ্ছে বলে জানা যায়।

৫. খাদ্য উৎপাদনের প্রতিটি ধাপের যথাযথ অনুসরণের জন্য প্রত্যেক লাইনে SOP চার্ট লাগানো হয়েছে।

৬. অটোমেটিক মেশিনের মাধ্যমে প্রতিটি খাদ্যপণ্যে ব্যাচ নম্বর, উপাদানের তারিখ, সময় এবং মেয়াদ উত্তীর্ণের তারিখ প্রিন্ট করতে দেখা যায়।

**পণ্য প্রদর্শনীঃ** ইন্ডাস্ট্রিয়াল পার্কে উৎপাদিত সকল ধরনের খাদ্যপণ্য এবং নন-ফুড আইটেম প্রদর্শনের ব্যবস্থা করা হয়। এর মাধ্যমে প্রাণে উৎপাদিত সকল ধরনের পণ্য সম্পর্কে ধারণা পাওয়া গেছে।

প্রদর্শনী শেষে প্রাণ ইন্ডাস্ট্রিয়াল পার্কের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে খাদ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ খুরশীদ ইকবাল রেজভী এর নেতৃত্বে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অংশগ্রহণকারী কর্মকর্তাগণ বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেন। মতবিনিময়কালে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কর্মকর্তাগণ নিরাপদ খাদ্য আইন-২০১৩ মেনে জনগণের নিরাপদ খাদ্য প্রাপ্তি নিশ্চিত করতে অনুরোধ করেন। এছাড়াও নিরাপদ খাদ্য আইন-২০১৩ এর আলোকে প্রণীত প্রবিধানমালা সম্পর্কে আলোচনা করা হয়। প্রাণ গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ ইলিয়াস মৃধা নিম্নোক্ত বিষয়াবলী সংশোধনের সুপারিশ করেন-

ক) খাদ্যে ভেজাল সম্পর্কিত দেশের সকল আইন ও ধারা সংশোধনপূর্বক একটি নিয়ন্ত্রণকারী সংস্থার অধীনে একটি আইন প্রণয়নের মাধ্যমে খাদ্যপণ্যের উৎপাদন ও ব্যবসায় প্রয়োগ করা।

খ) নিরাপদ খাদ্য আইন-২০১৩ এর ৪৬ ও ৪৮ ধারায় ভেজাল খাদ্য এবং নিম্নমানের খাদ্য দুটি বিষয়ে সুস্পষ্ট করে শাস্তির বিধানে পরিবর্তন আনা।

গ) নমুনা সংগ্রহ করার সময় উৎপাদনকারীর উপস্থিতি নিশ্চিত করা এবং একটি নমুনা উৎপাদনকারীকে হস্তান্তর করা।

খাদ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ খুরশীদ ইকবাল রেজভী নিরাপদ খাদ্য আইন-২০১৩ এর বিভিন্ন ধারার সাথে বিদ্যমান অন্যান্য আইনের ধারায় সমন্বয় এবং প্রয়োজনীয় সংশোধন এর ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করার আশ্বাস দেন। বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সদস্য প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম কর্মশালায় ৪র্থ শিল্প-বিপ্লবকে বিবেচনায় রেখে খাদ্য উৎপাদন খাতে তথ্য প্রযুক্তির ব্যবহারে গুরুত্বারোপ করেন এবং নলেজ শেয়ারিং কর্মশালায় সহায়তা করার জন্যে প্রাণ ইন্ডাস্ট্রিয়াল পার্কের সংশ্লিষ্ট কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

**পরিশেষঃ**

১. নলেজ শেয়ারিং কর্মশালার মাধ্যমে বিএফএসএ এর কর্মকর্তাগণ শিল্প-কারখানায় খাদ্য উৎপাদন সম্পর্কে বাস্তব জ্ঞান লাভ করেছে। যা খাদ্য-স্থাপনা মনিটরিং ও মোবাইল কোর্ট পরিচালনার ক্ষেত্রে সহায়ক হবে।

২. অটোমেশন প্রযুক্তির ব্যবহার ৪র্থ শিল্প-বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় অনেকাংশে এগিয়ে নেবে।

৩. শিল্প-কারখানার কোয়ালিটি কন্ট্রোল ল্যাবে নমুনা পরীক্ষার পদ্ধতিসমূহ কর্তৃপক্ষের মোবাইল ল্যাবরেটরিতে প্রয়োগ করা যেতে পারে।

৪. নিরাপদ খাদ্য আইন-২০১৩ এর আলোকে বিভিন্ন প্রবিধানমালা প্রণয়নের সময় শিল্প-কারখানায় খাদ্য উৎপাদনের বাস্তব জ্ঞান বৃদ্ধিকল্পে নলেজ শেয়ারিং কর্মশালা অন্যান্য শিল্প কারখানায় আয়োজন করা যেতে পারে।

২০/০৬/২০২২

ইসফাক ওয়াহেদ বিন রহিম
মনিটরিং অফিসার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
মোবাইলঃ ০১৬৭১৮১৮৬০০
ইমেইলঃ isfaq.wahed@bfsa.gov.bd

















**নলেজ শেয়ারিং কর্মশালা**

**স্থানঃ প্রাণ ইন্ডাস্ট্রিয়াল পার্ক, নরসিংদী**